

■ মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫২]

২. কিতাবুল ঈমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি তার দ্বীনকে সন্দেহ মুক্ত করে নিল

بَابُ فَضْلٍ مِّنِ اسْتَبْرَا لِدِينِهِ

আরবী

— عَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ يَقُولُ الْحَلَالُ بَيْنُ وَالْحَرَامُ بَيْنُ وَبَيْنَهُمَا مُشَبَّهَاتٌ لَا يَعْلَمُهَا كَثِيرٌ مِنَ النَّاسِ، فَمَنِ اتَّقَى الْمُشَبَّهَاتِ اسْتَبَرَأَ لِدِينِهِ وَعِرْضِهِ، وَمَنْ وَقَعَ فِي الشُّبُهَاتِ كَرَاعٍ يَرْعَى حَوْلَ الْحِمَى يُوشِكُ أَنْ يُوَاقِعَهُ، أَلَا وَإِنَّ لِكُلِّ مَلِكٍ حِمَى، أَلَا إِنَّ حِمَى اللَّهِ فِي أَرْضِهِ مَحَارِمُهُ، أَلَا وَإِنَّ فِي الْجَسَدِ مُضْغَةً، إِذَا صَلَحَتْ صَلَحَ الْجَسَدُ كُلُّهُ، وَإِذَا فَسَدَتْ فَسَدَ الْجَسَدُ كُلُّهُ، أَلَا وَهِيَ الْقُلْبُ.

বাংলা

৪৮) নু'মান বিন বাশীর (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, নিঃসন্দেহে হালাল এবং হারাম সুস্পষ্ট এবং উভয়ের মধ্যবর্তী স্থানে কিছু সন্দেহপূর্ণ বিষয় রয়েছে, যা অধিকাংশ মানুষেরই অজানা। যে ব্যক্তি সন্দেহপূর্ণ বিষয়গুলো থেকে দূরে থাকল সে তার দ্বীন ও ইজ্জতকে মুক্ত করে নিল। আর যে সন্দেহপূর্ণ বিষয়ে পতিত হল সে ঐ রাখালের ন্যায় যে সংরক্ষিত চারণভূমির আশে-পাশে পশু চরায় এবং যে কোন সময় তাতে তার পশু প্রবেশের আশঙ্কা করে। জেনে রেখো! প্রত্যেক বাদশাহর একটি নির্দিষ্ট ও সংরক্ষিত সীমানা থাকে। আল্লাহর সীমানা হল তাঁর নিষিদ্ধ বস্তু। প্রত্যেক ব্যক্তির শরীরে একটি মাংসপিণ্ড রয়েছে, উহা সুস্থ থাকলে সমস্ত শরীর সুস্থ থাকে। আর উহা বিনষ্ট হলে সারা শরীর বরবাদ হয়ে যায়। আর উহা হলো কলব (অন্তর)।

English

The superiority of that person who leaves all doubtful (unclear) things for the sake of his religion

Narrated An-Nu'man bin Bashir:

I heard Allah's Messenger (ﷺ) saying, 'Both legal and illegal things are evident but in between them there are doubtful (suspicious) things and most

of the people have no knowledge about them. So whoever saves himself from these suspicious things saves his religion and his honor. And whoever indulges in these suspicious things is like a shepherd who grazes (his animals) near the Hima (private pasture) of someone else and at any moment he is liable to get in it. (O people!) Beware! Every king has a Hima and the Hima of Allah on the earth is His illegal (forbidden) things. Beware! There is a piece of flesh in the body if it becomes good (reformed) the whole body becomes good but if it gets spoilt the whole body gets spoilt and that is the heart.

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৫০

ইসলামিক সেন্টারঃ ৫০

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ আলেক্সিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ নুমান ইবনু বশীর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88743>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন